গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
(প্রশাসন শাখা)
www.doict.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৪.১৮- ২৫৬৪

তারিখঃ ০৬ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **আগামী ১২ ডিসেম্বর ২০১৮ তারিখে "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস" উদযাপনে মাঠ পর্যায়ে প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণ বরাবর নির্দেশনা সংক্রান্ত।**

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং ৫৬.০০.০০০০.০২৬.২৩.০৪২.১৭-১৩৬; ১৫/১১/২০১৮ খ্রিস্টাব্দ তারিখের আন্তঃমন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্যপ্রযুক্তি খাতে অর্জন, SDG ও জিডিপি প্রবৃদ্ধিতে এ খাতের অবদান এবং বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে দিবসটির গুরুত্ব জনগণের মাঝে তুলে ধরার নিমিত্ত আগামী **১২** ডিসেম্বর ২০১৮ তারিখে ২য় বারের মত দেশব্যাপি "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস" পালন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দিবসটি সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে আইসিটি অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য বলা হলোঃ

১) "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস ২০১৮"এর প্রতিপাদ্য বিষয় নিম্নরূপ:

**"ডিজিটাল বাংলাদেশ হবে
বঙ্গবন্ধুর সোনার বাংলা"**

২) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণের নির্দেশনা মতে দিবসটি উদ্‌যাপনের যাবতীয় প্রস্তুতি ও কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩) বিভাগীয় পর্যায়ে "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস ২০১৮" উদ্‌যাপন উপলক্ষে 'কনসার্ট ফর আইসিটি' আয়োজনের জন্য বিভাগ প্রতি ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বাজেট বরাদ্দ রয়েছে। বিভাগীয় কমিশনার কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর মাধ্যমে ১২ ডিসেম্বর বিকালে বিভাগীয় পর্যায়ে স্টেডিয়াম/কলেজ প্রাঙ্গনে 'কনসার্ট ফর আইসিটি' আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।

৪) র‍্যালী, চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতার আয়োজনের জন্য জেলা পর্যায় ২০,০০০/- এবং উপজেলা পর্যায় ১০,০০০/- বরাদ্দ রয়েছে। দিবসটি উপলক্ষে সকল জেলা ও উপজেলায় প্রশাসনের উদ্যোগে বর্ণাঢ্য র‍্যালী আয়োজন করতে হবে।

৫) জেলা পর্যায়ে ১০০টি করে মোট ৬৪০০টি টি-শার্ট ও ক্যাপ বরাদ্দ রয়েছে। সরবরাহকৃত টি-শার্ট ও ক্যাপগুলোর যথাযথ ব্যবহার করতে হবে।

৬) অগ্রীম প্রচারের নিমিত্ত জেলা পর্যায়ে ২টি এবং উপজেলা পর্যায়ে ১টি করে ব্যানার প্রদর্শন করতে হবে।

৭) **দিবস উপলক্ষে সদর উপজেলা ব্যতীত জেলা ও উপজেলা পর্যায়ে নিম্নরূপ প্রতিযোগিতা আয়োজন করতে হবেঃ**

| গ্রুপ | শ্রেণি | প্রতিযোগিতার ধরণ | বিষয় |
|---|---|---|---|
| ক | ১ম হতে ৫ম | চিত্রাংকন প্রতিযোগিতা | ডিজিটাল বাংলাদেশ |
| খ | ৬ষ্ঠ হতে ১০ম | রচনা প্রতিযোগিতা | ডিজিটাল বাংলাদেশ |

**চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা আয়োজনের নির্দেশনাসমূহঃ**

- জেলা বা উপজেলা পর্যায়ে প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামারগন জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগন কর্তৃক গঠিত কমিটি মোতাবেক অর্পিত দায়িত্ব পালন করবেন।
- স্থানীয় স্কুল, মাদ্রাসা ও সমপর্যায়ের প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিয়ে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা আয়োজন করতে হবে।
- চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতার ব্যানারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের লগো ব্যবহার করতে হবে।
- এ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দিষ্ট Registration Form পূরণ করে ছবিসহ জমা দিতে হবে।
- জেলা পর্যায়ে অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্যে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণকে পুরস্কার ও সনদপত্র প্রদান করতে হবে।
- ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী প্রতিযোগীসহ সকল অংশগ্রহণকারীদের তালিকা ১০ (দশ) কার্যদিবসের মধ্যে (Registration Form সহ) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে।

- চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় স্থানীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি ও জেলার বিশিষ্ট ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানানে হবে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারগণ এ সকল কার্যক্রমের সাচিবিক সহায়তা প্রদান করবেন।

৮) দিবসটি উদ্‌যাপন শেষে সচিত্র প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৯) আইসিটি অধিদপ্তর হতে "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস ২০১৮" আয়োজনের ফোকাল পয়েন্ট হিসেবে জনাব মোস্তাইন বিল্লাহ (উপসচিব), উপ-পরিচালক (প্রশাসন) (মোবাইল: ০১৭৫২০৩৯৫৭২) দায়িত্ব পালন করবেন। এছাড়া প্রশাসনিক বিষয়ে সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার (প্রশাসন) (মোবাইল: ০১৯১৮১০১৮৮৫, ০১৫৫২৩৪৮৪৬৫) এবং আর্থিক বিষয়ে বিষয়ে জনাব মোঃ শরীফুল ইসলাম, সহকারী পরিচালক (অর্থ) (মোবাইল: ০১৭১৩৪৯৪৬৬১, ০১৫৫০০২৮২১৯) তথ্য কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

১০) জাতীয় স্বার্থে বিষয়টি অতীব জরুরী।

২০/১১/১৮

এ কে এম খায়রুল আলম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮০-২-৮১৮১১০০ (অফিস)
ই-মেইল: dg@doict.gov.bd

**বিতরণ:**

১। প্রোগ্রামার, ................................ জেলা।

২। সহকারী প্রোগ্রামার, ................................ উপজেলা।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৪। প্রকল্প পরিচালক, "সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৫। প্রকল্প পরিচালক, "প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায় প্রকল্প", তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৬। পরিচালক (অর্থ ও প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৭। জেলা প্রশাসক, ............................................... ("জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস ২০১৮" উদযাপনে সক্রিয় অংশগ্রহণসহ র‍্যালী এবং চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৮। ড. মুহাম্মদ মেহেদী হাসান, উপসচিব (আইসিটি প্রমোশন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৯। মন্ত্রীর একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। উপ-পরিচালক (অর্থ/ প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন/ সিস্টেম ও প্রশিক্ষণ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

১৩। সিস্টেম্স ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

১৪। উপজেলা নির্বাহী অফিসার, ............................................................... ("জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস ২০১৮" উদযাপনে সক্রিয় অংশগ্রহণসহ র‍্যালী এবং চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৫। জেলা শিক্ষা অফিসার, ............................................................... (ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের র‍্যালী এবং চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৬। উপজেলা শিক্ষা অফিসার, ............................................................... (ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের র‍্যালী এবং চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

১৮। অফিস নথি/ মাস্টার ফাইল